# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৭৪

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৩৭. কুকুরের লেহনকৃত পাত্র ধোয়া

## باب الْوُضُوءِ بِسُؤْرِ الْكَلْبِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ حَنْبَلٍ، حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ، عَنْ شُعْبَةَ، حَدَّثَنَا أَبُو التَّيَّاحِ، عَنْ مُطَرِّفٍ، عَنِ ابْنِ مُغَفَّلٍ، أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم أَمَرَ بِقَتْلِ الْكِلاَبِ ثُمَّ قَالَ: " مَا لَهُمْ وَلَهَا " . فَرَخَّصَ فِي كَلْبِ الصَّيْدِ وَفِي كَلْبِ الْغَنَمِ وَقَالَ " إِذَا وَلَغَ الْكَلْبُ فِي الإِنَاءِ فَاغْسِلُوهُ سَبْعَ مِرَارٍ وَالثَّامِنَةُ عَفِّرُوهُ بِالتُّرَابِ " . قَالَ أَبُو دَاوُدَ وَهَكَذَا قَالَ ابْنُ مُغَفَّلٍ .

ـ صحيح : م

বাংলা

৭৪। ইবনু মুগাফফাল (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুকুর হত্যার নির্দেশ দিলেন, অতঃপর বললেনঃ মানুষ এবং কুকুরের কি হল? এরপর তিনি শিকারী কুকুর, বকরী ও শস্য পাহারার কুকুর পালনের অনুমতি দিলেন এবং বললেনঃ কুকুর কোন পাত্রে মুখ দিলে তা সাতবার ধুয়ে নিবে। আর অষ্টমবার মাটি দ্বারা ঘষবে।[1]

সহীহ : মুসলিম।

## English

Narrated Ibn Mughaffal:

The Messenger of Allaah (sal Allaahu alayhi wa sallam) ordered the killing of the dogs, and then said: Why are they (people) after them (dogs)? and then granted permission (to keep) for hunting and for (the security) of the herd,

and said : When the dog licks the utensil wash it seven times, and rub it with earth the eighth time.

Abu Dawud said : Ibn Mughaffal narrated in a similar way.

## ফুটনোট

[1] মুসলিম (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ কুকুরের চাটা পাত্রের বিধান), নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ কুকুরের চাটা পাত্র ধোয়া, হাঃ ৩৬৫) সংক্ষেপে, দারিমী (অধ্যায়ঃ পবিত্রতা, হাঃ ৭৩৭) আহমাদ (৪/৮৬), সকলেই মুত্বাররিফ সূত্রে।

-

হাদীস থেকে শিক্ষাঃ

১। প্রয়োজনে কুকুর প্রতিপালক জায়িয। যেমন শিকার, গবাদি পশু ও ক্ষেত পাহারার জন্য কুকুর পালন।

২। পাত্র সাতবার ধোয়া জায়িয। অতঃপর অষ্টমবার সেটিকে মাটি দ্বারা ঘষা বৈধ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু মুগাফফাল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57392

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন